

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ  
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)  
www.mymensingh.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৬১০০.০১০.০৪.০১২.২০. ২২৭

তারিখঃ ০৫/১২/২০২০ খ্রিঃ

বিজ্ঞপ্তি

আগামী ১০ ডিসেম্বর, ২০২০ তারিখ রোজ বৃহস্পতিবার ময়মনসিংহ জেলাধীন ময়মনসিংহ সদর উপজেলার বোররচর ইউনিয়ন পরিষদের ১নং সাধারণ ওয়ার্ড সদস্য এবং নান্দাইল উপজেলার জাহাঙ্গীরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত উপনির্বাচন সুষ্ঠুভাবে পরিচালনা করার লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয়ের ৩০-১১-২০২০ খ্রি: তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৪.২০-২৬২ নং স্মারক অনুযায়ী সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২(১)ধারার ক্ষমতাবলে আমি নিম্নস্বাক্ষরকারী ময়মনসিংহ জেলাধীন ময়মনসিংহ সদর উপজেলার বোররচর ইউনিয়ন পরিষদের ১নং ওয়ার্ড ও নান্দাইল উপজেলার জাহাঙ্গীরপুর ইউনিয়ন পরিষদের উপনির্বাচন উপলক্ষে নির্বাচনী ভোট কেন্দ্র এলাকায় আগামী ৯ ডিসেম্বর, ২০২০ দিবাগত মধ্যরাত ১২:০০ ঘটিকা হতে ভোট গ্রহণের দিন অর্থাৎ ১০ ডিসেম্বর, ২০২০ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ ঘটিকা পর্যন্ত উক্ত ০২ (দুই)টি ইউনিয়নের সকল (১) বেবী ট্যাক্সি/ অটোরিক্সা/ ইজিবাইক (২) ট্যাক্সিক্যাব (৩) মাইক্রোবাস (৪) জিপ (৫) পিক-আপ (৬) কার (৭) বাস (৮) ট্রাক ও (৯) টেম্পো উক্ত নির্বাচনী এলাকায় চলাচল নিষিদ্ধ করলাম।

০২। এছাড়া ভোটগ্রহণের পূর্ববর্তী ০২ (দুই) দিন হতে ভোটগ্রহণের দিন মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নির্বাচনী এলাকায় মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

০৩। সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনী এজেন্ট, পর্যবেক্ষকদের (পরিচয় পত্র থাকতে হবে), ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা শিথিলযোগ্য। তাছাড়া নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত সাংবাদিক (পরিচয় পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজে যেমন: এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া জাতীয় মহাসড়ক, জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে এরূপ নিষেধাজ্ঞা শিথিল থাকবে।

স্বাক্ষর

মোঃ মিজানুর রহমান

জেলা ম্যাজিস্ট্রেট

ময়মনসিংহ

ফোনঃ ০৯১-৬৫৭৭৭ (অফিস)

০৯১-৬৫৭৮৮ (বাসা)

E-mail: [dcymensingh@mopa.gov.bd](mailto:dcymensingh@mopa.gov.bd)

স্মারক নং-০৫.৪৫.৬১০০.০১০.০৪.০১২.২০. ২২৭

তারিখঃ ০৫/১২/২০২০ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৪। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ৬। পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, ময়মনসিংহ।
- ৭। অধিনায়ক, ৩৯ বিজিবি, ময়মনসিংহ।
- ৮। পরিচালক, র্যাব-১৪, ময়মনসিংহ।
- ৯। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ১০। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/অতিরিক্ত বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ।
- ১১। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ময়মনসিংহ।
- ১২। উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল/ ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
- ১৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ১৪। নেজারত ডেপুটি কালেক্টর, ময়মনসিংহ।
- ১৫। সহকারী কমিশনার (ভূমি), নান্দাইল/ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
- ১৬। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ময়মনসিংহ।
- ১৭। উপজেলা নির্বাচন কর্মকর্তা নান্দাইল/সদর ময়মনসিংহ, ময়মনসিংহ।
- ১৮। অফিস কপি।

জেলা ম্যাজিস্ট্রেট

ময়মনসিংহ